

স্বাক্ষর  
মন্ত্রিপরিষদ  
২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ০৮ জানুয়ারি ২০১৫ / ২৫ পৌষ ১৪২১

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৪-০৭ সরকার 'জাতীয় পরিবেশ কমিটির নির্বাহী কমিটি' নিম্নরূপভাবে গঠন

করিয়েছে :

**ক. কমিটির গঠন :**


(১)	মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়	:	আহ্বায়ক
(২)	মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	:	সদস্য
(৩)	মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়	:	সদস্য
(৪)	মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়	:	সদস্য
(৫)	মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	:	সদস্য
(৬)	নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড	:	সদস্য
(৭)	উপ-মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়	:	সদস্য
(৮)	সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়	:	সদস্য
(৯)	সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়	:	সদস্য
(১০)	সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ	:	সদস্য
(১১)	সচিব, শিল্প মন্ত্রণালয়	:	সদস্য
(১২)	সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়	:	সদস্য-সচিব
(১৩)	সচিব, বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
(১৪)	সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	:	সদস্য
(১৫)	সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	:	সদস্য
(১৬)	সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়	:	সদস্য
(১৭)	সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	:	সদস্য
(১৮)	সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন	:	সদস্য
(১৯)	মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর	:	সদস্য
(২০)	ব্যবস্থাপনা পরিচালক, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট	:	সদস্য
(২১)	প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর	:	সদস্য
(২২)	কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, আইইউসিএন	:	সদস্য
(২৩)	সভাপতি, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি	:	সদস্য
(২৪)	পরিবেশ বিষয়ে বিশেষজ্ঞ সিভিল সোসাইটির একজন প্রতিনিধি (পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)	:	সদস্য

**খ. কমিটির কার্যপরিধি :**

- (১) অনুমোদিত জাতীয় পরিবেশ নীতি বিভিন্ন মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক বাস্তবায়নের কার্যক্রম পরিবীক্ষণ ও পর্যালোচনা;
- (২) অনুমোদিত জাতীয় পরিবেশ নীতি বাস্তবায়ন কার্যক্রমের বিশ্লেষণ এবং পরিবর্তিত প্রেক্ষাপটে ইহার সংশোধন সম্পর্কে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;
- (৩) পরিবেশ সংক্রান্ত বিভিন্ন আন্তঃমন্ত্রণালয় সমস্যা দূরীকরণে প্রাথমিক পদক্ষেপ গ্রহণ ও প্রয়োজনবোধে তাহা জাতীয় পরিবেশ কমিটিতে উপস্থাপন;
- (৪) জাতীয় পরিবেশ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ ;
- (৫) পরিবেশ সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়।

- ২। নির্বাহী কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করাসহ কমিটির উপর অর্পিত দায়িত্ব পালনের সুবিধার্থে স্বতন্ত্র কারিগরি প্যানেল গঠনপূর্বক সংশ্লিষ্ট বিষয়ে ইহার মতামত বিবেচনা করিতে পারিবে।
- ৩। কমিটি বছরে অন্তত দুইবার সভায় মিলিত হইবে।
- ৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মোঃ মোস্তাফিজুর রহমান)  
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)  
ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০(দুইশত)


কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল]

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৪- ৭

০৮ জানুয়ারি ২০১৫  
তারিখ-----  
২৫ পৌষ ১৪২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/.....মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। মাননীয় মন্ত্রী/ নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড/উপমন্ত্রীর একান্ত সচিব,.....  
.....মন্ত্রণালয়/বিভাগ। (মাননীয় মন্ত্রী/নির্বাহী চেয়ারম্যান/উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ। ( প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব। (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(মনজুর আহমেদ)  
সহকারী সচিব  
ফোন : ৯৫১১০৮১